# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 29-10-2025** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাইয়ে ‘গ্লোবাল মেরিটাইম্ লিডার্স কনক্লেভ’-এ বক্তব্য রাখবেন।

২) অতিপ্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় ‘মন্থা’ শক্তি হারিয়ে অতি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে ঝড় বৃষ্টিতে অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশায় স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত।

৩) ভারত এবং চীন সীমান্তে স্থিতাবস্থা বজায় রাখতে চলতি কর্মপদ্ধতি মেনেই কাজ করতে সম্মত হয়েছে।

৪) বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে।

৫) গাজা ভূখন্ডে, ইজরায়েলের প্রতিরক্ষা বাহিনীর দফায় দফায় বিমান হানায় অন্তত পক্ষে ৩৩’জনের মৃত্যু হয়েছে।

৬) কানাডিয়ান উইমেন'স ওপেনে স্কোয়াশে , ভারতের অনহত সিং সেমিফাইনালে উঠেছেন।

৭) পাঁচ ম্যাচের টি ২০ ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে অস্ট্রেলিয়া টসে জিতে ভারতকে ব্যাট করতে পাঠিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মুম্বাইয়ে গ্লেবাল 'মেরিটাইম লিডার্স কনক্লেভে' বক্তব্য রাখবেন। 'ইন্ডিয়া মেরিটাইম সপ্তাহ-২০২৫' -এ গ্লোবাল মেরিটাইম সিইও ফোরামের সভাপতিত্বও করবেন তিনি। মেরিটাইম অমৃতকাল ভিশন ২০৪৭-এর সঙ্গে সামঞ্জস্য রেখে দেশের সামুদ্রিক ক্ষেত্রে রূপান্তরের ভবিষ্যৎমুখী পরিকল্পনার কথা প্রধানমন্ত্রীর বক্তব্যে উঠে আসবে বলে মনে করা হচ্ছে। এক সামাজিক বার্তায় শ্রী মোদী বলেন, এই ফোরাম সামুদ্রিক অঞ্চলের বৃহত্তর সহযোগিতা গড়ে তুলতে যেমন সাহায্য করবে, তেমনি এই ক্ষেত্রে ভারতের সংস্কার সমূহকেও বিশ্বের সামনে তুলে ধরবে।

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন, প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের ফলে মাত্র ১১ বছরে ভারতের সামুদ্রিক অঞ্চল, তার বন্দর ক্ষমতা দ্বিগুণ করেছে। এর মধ্যে দিয়ে ভারত শুধুমাত্র তার অগ্রগতিই অক্ষুন্ন রাখছে না, অন্যদের পথ দেখাচ্ছে।

পরিবহন, বন্দর, জাহাজ নির্মাণ, ক্রুজ পর্যটন এবং সমুদ্র অর্থনীতি সংক্রান্ত অংশীদারদের একত্রিত করে উন্নয়ন পরিকল্পনাকে বাস্তব রূপ দিতে অন্যতম আন্তর্জাতিক মঞ্চ হয়ে উঠেছে এই সম্মেলন। ৮৫'টিরও বেশি দেশের এক লক্ষেরও বেশি প্রতিনিধি এবং আন্তর্জাতিক স্তরে সাড়ে তিনশোরও বেশি বক্তা এতে অংশ নেবেন।

--------------------

অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় 'মন্থা' মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মধ্যবর্তী এলাকায় গতরাতে অন্ধ্রপ্রদেশ ও ইয়ানন উপকূল অতিক্রম করে স্থলভাগে প্রবেশ করেছে। কাকিনারার কাছে আছড়ে পরার সময় এর গতিবেগ ছিল ঘন্টায় ৯০ কিলোমিটার।

এরপর এটি ধীরে ধীরে শক্তি হারিয়ে অতি গভীর নিম্নচাপে পরিণত হয়ে উত্তর-উত্তর পশ্চিমের তেলেঙ্গানা ও দক্ষণ ছত্তিশগড়ের দিকে অগ্রসর হচ্ছে। ক্রমশঃ তা' আরো শক্তি ক্ষয় করে ৬'ঘন্টার মধ্যে গভীর নিম্নচাপে পরিণত হবে।

এদিকে, মন্থার প্রভাবে **অন্ধ্রপ্রদেশে** প্রবল ঝড় বৃষ্টিতে ৪৩ হাজার হেক্টর জমির ফসল নষ্ট হয়ে গেছে। শ্রীকাকুলাম, ভিজিয়ানা গ্রাম, বিশাখাপত্তনম, আনাকাপাল্লে, নেলোর, কোনাসীমা ও কাকিনারায় ব্যপক ক্ষয়ক্ষতি হয়েছে। কোনাসীমায় ঝড়ে গাছ পড়ে একজনের মৃত্যু হয়েছে। ৭৬ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। সরকার তিন হাজার ত্রাণ কেন্দ্র ও ২০০ টি মেডিক্যাল ক্যাম্প খুলেছে। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী NDRF-এর ১১ এবং রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী-SDRF-এর ১২ টি দল, ত্রাণ ও উদ্ধারের কাজ চালিয়ে যাচ্ছে। পরিস্থিতির ওপর ২৪ ঘন্টা নজরদারির জন্য ৫৪ টি ডিভিশনে খোলা হয়েছে কন্ট্রোল রুম। মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু ত্রাণ ও উদ্ধারের কাজ তদারকি করছেন। টেলি কনফারেন্সের মাধ্যমে পরিস্থিতি পর্যালোচনা করেন তিনি। দুর্গতদের সহায়তায় প্রশাসনিক আধিকারিকদের যাবতীয় ব্যবস্থআ নেওয়ার কথাও তিনি বলেছেন। প্রবল ঘূর্ণিঝড়ের দাপটে সবচেয়ে বেশী বৃষ্টি হয় নেলোর জেলায়। আবহাওয়া দপ্তর আজ'ও অন্ধ্র ও ইয়াননের বেশীরভাগ এলাকায় মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। কয়েকটি জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিও হতে পারে।

মন্থার প্রভাবে **ওড়িশার দক্ষিণাঞ্চলীয়** জেলা বিশেষ করে গজপতি ও গঞ্জামে প্রবল ঝড় বৃষ্টি হয়েছে। বৃষ্টিতে ধস নামায় গজপতি জেলায় উদয়গিরি ও পারলাখেমুন্ডি এবং রায়গারা জেলায় কাশীপুর এলাকা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। অনেক জায়গায় গাছ পড়ে যাওয়ায় যোগাযোগ বিচ্ছিন্ন। হতাহতের অবশ্য কোনো খবর নেই।

**ভুবনেশ্বরের** আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, শুক্রবার পর্যন্ত এই বৃষ্টি চলবে। মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি বলেছেন, মন্থার বড় ধরণের প্রভাব রাজ্যের ওপর পড়েনি। ঘূর্ণিঝড় আছড়ে পরার পর রাজ্য বিপর্যয় পরিচালন কর্তৃপক্ষ-SDM-এর কন্ট্রোল রুমে গিয়ে পরিস্থিতি সরেজমিনে পর্যালোচনা করেন তিনি। সতর্কতামূলক বিভিন্ন ব্যবস্থা অবশ্য বলবত রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় গতসন্ধ্যা থেকেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। আজ সকালের পর কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বেড়েছে। অনেক জায়গায় বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টি হচ্ছে। সেইসঙ্গে বইছে ঝোড়ো হাওয়ায়’ও।

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির সঙ্গে বজ্রপাতের সর্তকতা জারি রয়েছে।

ঘূর্ণিঝড়ের ফলে বঙ্গোপসাগর থেকে বেশি মাত্রায় জলীয়বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গেও বৃষ্টির পরিমাণ বাড়বে।

মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

সতর্কতা মূলক ব্যবস্থা হিসাবে কলকাতা ও হলদিয়া বন্দরে তিন নম্বর সংকেত জারি করা হয়েছে।

--------------------

ঘূর্ণিঝড় মন্থা স্থলভাগ অতিক্রম করার পর, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু, ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি সহ সংশ্লিষ্ট রেলের আধিকারিকদের সঙ্গে ক্ষয়ক্ষতি সামাল দেওয়ার বিষয়ে কথা বলেছেন।

সমাজ মাধ্যমে এক বার্তায় মন্ত্রী জানিয়েছেন, ঘূর্ণিঝড় মন্থা-র প্রেক্ষিতে ডিভিশনাল, জোনাল ও বোর্ড পর্যায়ের 'ওয়ার রুম'গুলিকে সক্রিয় করা হয়েছে এবং পূর্বাচঞ্চলীয় উপকূল ডিভিশনে প্রয়োজনীয় সামগ্রী মজুত করা হয়েছে। তিনি বলেন, বিজয়ওয়াড়া, বিশাখাপত্তনম, গুন্টুরে থাকা রেলের বিভিন্ন দলকে সতর্ক করে দেওয়া হয়েছে এবং ট্রেন চলাচল যাতে তেমনভাবে ব্যাহত না হয়, সেই বিষয়ে কড়া নজরদারি চালানো হচ্ছে।

--------------------

ঘূর্ণিঝড় মন্থার প্রভাবে তেলেঙ্গানায়, ওয়ারাঙ্গল, হনমাকোন্ডা এবং জাঙ্গাও-এ অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। পাশাপাশি ১২টি জেলায় আগামীকাল পর্যন্ত জারি রয়েছে কমলা সতর্কতা। এই সময় বাতাসের গতিবেগ থাকবে ঘণ্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার। প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছে আবহাওয়া দপ্তর।

--------------------

ভারত এবং চীন সীমান্তে স্থিতাবস্থা বজায় রাখতে চলতি কর্মপদ্ধতি মেনেই কাজ করার বিষয়ে সম্মত হয়েছে। চলতি মাসের ২৫ তারিখে চুশুল-মল্ডো সীমান্তে ভারত-চীন কোর কমান্ডার স্তরের ২৩তম বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। এক বিবৃতিতে, বিদেশ মন্ত্রক জানিয়েছে, বৈঠকে সীমান্ত অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা নিয়ে দু পক্ষের কথা হয়েছে। বন্ধুত্বপূর্ন পরিবেশেই এই আলোচনা সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে মন্ত্রক।

--------------------

বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। ছট উৎসব শেষ হবার পরই, বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা আজ রাজ্য জুড়ে

জনসভা, মিটিং মিছিল করছেন। এনডিএ এবং মহাজোটের দলগুলি বিভিন্ন ইস্যুতে একে অপরের বিরুদ্ধে সরব হয়ে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্, আজ দ্বারভাঙ্গা, সমস্তিপুর ও বেগুসরাইতে প্রচারে যোগ দিচ্ছেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং দ্বারভাঙ্গার হায়াঘাটে এক জনসভায় নানা ইস্যুতে বিরোধীদের আক্রমণ করেন।

বাইট-রাজনাথ

গতকালই প্রকাশিত মহাজোটের নির্বাচনী ইস্তেহারকে কটাক্ষ করে বিজেপির নেত্রী, কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেছেন, রাজ্যের মানুষ মহাজোটের উদ্দেশ্য সম্পর্কে ওয়াকিবহাল। তাঁরা আর বিভ্রান্ত হবেন না। পাটনায় আজ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দিয়ে তিনি বলেন, এনডিএ সরকার মানুষের জন্য কাজ করে, তাই জনগণও তাঁদের ওপরেই আস্থা রাখবেন।

অন্যদিকে, মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী, আরজেডি নেতা তেজস্বী যাদব বলেছেন, নির্বাচনী ইস্তেহারে ঘোষিত বিষয়গুলি হল তাঁদের প্রতিশ্রুতি। সকল অংশীদার দলগুলি একযোগে সেই প্রতিশ্রুতি পূরণে কাজ করবে।

(বাইট-তেজস্বী)

প্রচারে যোগ দিয়ে কংগ্রেস নেতা ভূপেশ বাঘেল বিজেপি র প্রতি আক্রমণ শানিয়ে বলেছেন, তাঁরা নির্বাচনী প্রতিশ্রুতি পূরণ করে না।

বাইট-ভূপেশ

লোকসভার বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ মুজফফরপুরের সারকায় জনসভা করছেন।

--------------------

গাজা ভূখন্ডে, ইজরায়েলের প্রতিরক্ষা বাহিনীর দফায় দফায় বিমান হানায় অন্তত পক্ষে ৩৩'জনের মৃত্যু হয়েছে। ইসরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী ইসরায়েল কাতজ, ইসজরায়েলী সেনাদের ওপর এই হামলার জন্যে হামাস কেই দায়ী করেছেন। নিহত পনবন্দিদের দেহ ফিরিয়ে দেওয়ার ব্যাপারে হামাস, মার্কিন যুক্তরাষ্ট্র-এর উদ্যোগে সংঘর্ষ বিরতি ভঙ্গ করেছে বলে ইজরায়েল দাবী করেছে। হামাস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

এর আগে ইজরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু অবিলম্বে গাজার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্যে সামরিক বাহিনীকে নির্দেশ দেন। তার পরেই এই বিমানহানা চালানো হয়।

এক মার্কিন আধিকারিক বলেছেন, গাজায় হামলা চালানোর এই সিদ্ধান্তে ওয়াশিংটনকে অবহিত করা হয়। ইজরায়েলী আধিকারিকরা রাফা এলাকায় সেনাবাহিনীর ওপর রকেট চালিত গ্রেনেড ও স্নাইপার হামলার জন্য হামাসকেই দায়ী করেছে।

হামাসের পক্ষ থেকে অবশ্য ইজরায়েলের এই আক্রমণকে ফৌজদারি অপরাধ হিসেবে কঠোর সমালোচনা করে বলা হয়েছে, যে তারা অস্ত্রবিরতি চুক্তি লঙ্ঘন করেছে। সংঘর্ষ বিরতির প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতা পুনর্ব্যক্ত করে IDF সেনা বাহিনীর ওপর হামলার'ও তীব্র নিন্দা করেছে হামাস'ও।

--------------------

সাইপ্রাসের বিদেশমন্ত্রী কনস্টান্টিনোস কম্বোস তিন দিনের ভারত সফরে আজ সকালে নতুন দিল্লি পৌঁছেছেন। সন্ধ্যায় তিনি গান্ধী স্মৃতি ভ্রমণ করে মহাত্মা গান্ধীর

প্রতি শ্রদ্ধা জানাবেন। আগামীকাল অপরাহ্নে তিনি বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্করের সঙ্গে সাক্ষাৎ করেবন। আগামীকাল সন্ধ্যায় সাপ্রু হাউসে ভারতীয় বিশ্ব পরিষদ (ICWA) আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখবেন তিনি।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জাপানের প্রধানমন্ত্রী সানে তাকাইচির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। প্রধানমন্ত্রীর দায়িত্বভার গ্রহণের জন্য তাকাইচিকে অভিনন্দন জানান তিনি। দুই নেতা অর্থনৈতিক নিরাপত্তা, প্রতিরক্ষা সহযোগিতা এবং দক্ষতা আদান-প্রদানের বিষয়ে মতো বিনিময়ের পাশাপাশি ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং আন্তর্জাতিক ক্ষেত্রে অংশীদারিত্ব বৃদ্ধির পন্থা পদ্ধতি নিয়ে কথা বলেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, বিশ্ব শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় শক্তিশালী ভারত-জাপান সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ, সে বিষয়ে তাঁরা উভয়ই একমত হয়েছেন।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দুদিনের সফরে গুজরাট যাচ্ছেন। সফরকালে, শ্রী মোদি কেভাড়িয়ার একতা নগরে এক হাজার ১৪০ কোটি টাকার পরিকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে রাজপিপলায় বিরসা মুন্ডা আদিবাসী বিশ্ববিদ্যালয়, বামন বৃক্ষ বাটিকা, ই-বাস চার্জিং ডিপো এবং ২৫টি বৈদ্যুতিক বাস। এছাড়াও, প্রধানমন্ত্রী ভারতীয় রাজবংশগুলির ইতিহাস নিয়ে তৈরি মিউজিয়াম, ক্রীড়া কমপ্লেক্স, শুলপানেশ্বর ঘাটের নিকটবর্তী জেটি ইত্যাদি বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করবেন।

শুক্রবার শ্রী মোদী রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন অনুষ্ঠানে অংশ নেবেন এবং সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। একতা দিবস প্যারেডেও অংশ নেবেন তিনি। এই বছর প্যারেডের প্রধান আকর্ষণ হল বিশেষভাবে প্রশিক্ষিত শারমেয়দের প্রদর্শনী।

--------------------

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামী পয়লা নভেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুরে আসিয়ান গোষ্ঠীর প্রতিরক্ষা মন্ত্রীদের দ্বাদশ বৈঠক- ADMM-Plus-এ অংশ নেবেন। ‘ADMM-Plus-এর ১৫ বছরের কার্যক্রম এবং আগামী দিনের পথ নির্ধারণ’ বিষয়ে বক্তব্য রাখবেন তিনি। দুদিনের এই সফরে শ্রী সিং ADMM-Plus-এ অংশগ্রহণকারী দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন। মালয়েশিয়ার শীর্ষ নেতৃত্বের সঙ্গেও বৈঠকের কর্মসূচি রয়েছে তাঁর।

প্রতিরক্ষা মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, ADMM-Plus-এর আওতায় ভারত ২০২৪ থেকে ২০২৭ পর্যন্ত সন্ত্রাসবাদ মোকাবিলায় বিশেষজ্ঞ গোষ্ঠীতে মালয়েশিয়ার সঙ্গে যৌথভাবে সভাপতিত্ব করছে।

চলতি মাসের ৩১ তারিখ মালয়েশিয়ার সভাপতিত্বে আয়োজন করা হবে আসিয়ান-ভারত প্রতিরক্ষা মন্ত্রীদের দ্বিতীয় বৈঠক। আসিয়ানের সদস্য দেশগুলির প্রতিরক্ষা মন্ত্রীরা এতে অংশ নেবেন। এই বৈঠকের লক্ষ্য হলো আসিয়ান রাষ্ট্র এবং ভারতের মধ্যে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা দৃঢ় করা এবং 'অ্যাক্ট ইস্ট নীতি'কে আরও এগিয়ে নিয়ে যাওয়া।

--------------------

স্কোয়াশে ,ভারতের অনহত সিং ২০২৫ কানাডিয়ান উইমেন'স ওপেনের সেমিফাইনালে প্রবেশ করেছেন। টরন্টোতে গতকাল মহিলাদের সিঙ্গেলসের কোয়ার্টার-

ফাইনালে অনহত বিশ্বের সপ্তম স্থানাধিকারী বেলজিয়ামের টিনে গিলিসকে ১২-১০, ১১-৯, ১১-৯-এ পরাজিত করেন। আগামীকাল সেমিফাইনালে অনহত ইংল্যান্ডের জর্জিনা কেনেডির মুখোমুখি হবেন। অপর সেমিফাইনালে মিশরের আমিনা ওরফি আমেরিকার অ্যামান্ডা সোভির বিরুদ্ধে খেলবেন।

--------------------

ভারতের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি -২০ ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে অস্ট্রেলিয়া টসে জিতে ভারতকে ব্যাট করতে পাঠিয়েছে ।ক্যানবেরার মানুকা ওভালে বৃষ্টির কারণে খেলা স্থগিত হবার আগে ভারত পাঁচ ওভারে এক উইকেট হারিয়ে ৪৩ রান করেছে । শুভমান গিল ১৬ এবং সূর্য কুমার যাদব ৮ রানে শুরু হবে ভারতীয় সময় দুপুর পৌনে দুটোয়।

-------------------- --------------------